মেহেরপুরে পদ্মা সেতুর উদ্বোধন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

পদ্মা সেতুর উদ্বোধন উপলক্ষে মেহেরপুরে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার রাতে মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে শহীদ শামসুজ্জোহা পার্কে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর ও গাংনী শিল্পকলা একাডেমীর সঙ্গীত শিল্পীরা এতে সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন।

সাংস্কৃতিক অনুষ্ঠানে অন্যদের মধ্যে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হুদা, (রাজস্ব) লিংকন বিশ্বাস, (শিক্ষা ও আইসিটি) আশরাফুজ্জামান ভূঁইয়া, সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, পিপি পল্লব ভট্টাচার্য, সহকারী কমিশনার (ভূমি) আবু সাঈদ, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুর কিশোরী ক্লাবের সচেতনতামূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত

কোটচাঁদপুর কিশোরী ক্লাবের উদ্যোগে সচেতনতামূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার দুপুরে কোটচাঁদপুরের ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য অ্যাড. শফিকুল আজম খান চঞ্চল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি, সাধারন সম্পাদক মোঃ শাহাজাহান আলী, কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মঈন উদ্দিন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, বলুহর ইউপি চেয়ারম্যান নজরুল ইসলাম, এলাঙ্গীর চেয়ারম্যান মিজানুর রহমান, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও কোর্স পরিচালক সেলিম রেজা।

এছাড়া উপস্থিত ছিলেন উপজেলা সহকারী পল্লী উন্নয়ন অফিসার ইউনুছ আলী, ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুদ্দিন আহম্মদ। এ সময় প্রশিক্ষণে অংশগ্রহন করেন ওই বিদ্যালয়ের কিশোরী সংঘের একশত জন কিশোরী।

অনুষ্ঠানটি আয়োজনে ছিলেন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিপ)। দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প ২য় পর্যায় আওতায় এ প্রশিক্ষণ দেয়া হয় কিশোরীদের।

এ সময় অতিথি বৃন্দরা প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্য কিশোরীদের বয়ঃসন্ধিকাল, বাল্যবিবাহ, নারী নির্যাতন সহ বিভিন্ন সচেতনতা মূলক বক্তব্য রাখেন। পরে কিশোরী ক্লাবের ছাত্রীদের হাতে বিভিন্ন উপকরন তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি।

মেহেরপুরে দুই ব্যাক্তি আটক

মেহেরপুর শহরের দিঘীরপাড়া এলাকা থেকে দুই ব্যাক্তিকে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ। এরা হলেন মেহেরপুর শহরের ৫ নং দিঘীরপাড়া এলাকার রওশন আলীর ছেলে হুসাইন (৩৯) ও আবুল কাশেমের ছেলে আশিক (২১)।

মেহেরপুর সদর থানার উপপরিদর্শক (এসআই) জিল্লুর রহমান আজ শুক্রবার

সকালের দিকে অভিযন চালিয়ে তাদের আটক করেন।

এসআই জিল্লুর রহমান জানান, এলাকায় আইনশৃঙ্খলার অবনতি ঘটানোর চেষ্টার অপরাধে তাদের ১৫১ ধারায় আটক করা হয়েছে।

আটকদের বিরুদ্ধে ১৫১ ধারায় একটি জিডি করা হয়েছে নং ১০৫৪, তারিখ ২৪/০৬/২০২২ ইং। আটকদের আজ শুক্রবার দুপুরের দিকে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দেশ সেরা কন্টেন্ট নির্মাতা মুজিবনগরের আনন্দবাস সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ফারুক হোসেন

দেশ সেরা কন্টেন্ট নির্মাতা নির্বাচিত হয়েছেন মুজিবনগর উপজেলার আনন্দবাস সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক মোঃ ফারুক হোসেন।

বিশ্বের সর্ববৃহৎ শিক্ষা বিষয়ক ওয়েব পোর্টাল শিক্ষক বাতায়নে জুন মাসের ২য় পাক্ষিকে ফারুক হোসেনকে
দেশ সেরা কন্টেন্ট নির্মাতা হিসেবে নির্বাচিত করে।

প্রধানমন্ত্রীর দপ্তর পরিচালিত এটুআই.গভ.বিডি প্রকল্পের অধীনে এটুআই পোগ্রাম এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের

তত্বাবধানে পরিচালিত ওয়েব পোর্টাল শিক্ষক বাতায়নে প্রায় ৬ লক্ষ শিক্ষক এ ওয়েব পোর্টালের সাথে জড়িত।

মুজিবনগরের আনন্দবাস সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক মোঃ ফারুক হোসেনই প্রথম মেহেরপুর জেলার শিক্ষক হিসাবে এই স্বীকৃতি লাভ করলেন।

তিনি আইসিটি ফর এডুকেশন মেহেরপুরের জেলা এম্ব্যাসেডর। শিক্ষক বাতায়নের একজন সক্রিয় সদস্য শিক্ষক এই ফারুক হোসেন নিজস্ব পেজে ১০০ এর অধিক কন্টেন্ট আপলোড করেছেন। এছাড়া ২০১৮ সালে মেহেরপুর জেলার শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত তিনি।

২০১৯ সালে সরকারিভাবে ভিয়েতনাম দেশ সফর যাওয়ার সুযোগ পান। করোনাকালিন সময়ে বিদ্যালয় বন্ধ থাকলেও থেমে থাকেনি পাঠদান কর্ইমসূচী। ইউটিউব, ফেইসবুকসহ বিভিন্ন ডিজিটাল প্লাটফর্ম ব্যবহার করে শিক্ষা কার্যক্রম চালিয়ে তিনি প্রশংসিত হন।

গাংনীতে স্পিরিট সহ দুই যুবক আটক

২ বোতল স্পিরিট (নেশা জাতীয় দ্রব্য)-সহ বিপ্লব হোসেন (২৪), লালন হোসেন (২২) নামের দু যুবককে আটক করেছে বামন্দী পুলিশ ফাঁড়ির সদস্যরা।

বৃহস্পতিবার (২৩ জুন) দিবাগত রাত ১১ টার দিকে করমদী-পলাশীপাড়া পাগলার মোড় নামক স্থান থেকে তাদের দুজনকে আটক করে পুলিশ।

বিপ্লব হোসেন গাংনী উপজেলার পলাশী গ্রামের তাজুল ইসলামের ছেলে, ও লালন হোসেন তেতুলবাড়ীয়া গ্রামের নুর বকসের ছেলে।

বামন্দী পুলিশ ক্যাম্পের এসআই মঞ্জুর হাসান জানান, পাগলার ব্রিজের নিকট মাদক নিয়ে কিছু যুবক অবস্থান করছে,এমন সংবাদে পুলিশের একটি দল সেখানে অভিযান চালিয়ে এ দু’জনকে আটক করে। এসময় তাদের কাছ থেকে ২ বোতল স্পিরিট উদ্ধার করা হয়। এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে থানায় মামলা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৪ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় ৪ জন গ্রেফতার হয়েছে। গ্রেফতারকৃতদের মধ্যে নিয়মিত মামলায় ৩ জন ও সিআর মামলার সাজাপ্রাপ্ত ১ জন।

গ্রেফতারকৃতদের মধ্যে মেহেরপুর সদর থানা ১ জন, জেলা গোয়েন্দা পুলিশ ফেনসিডিল মামলায় ১ জন ও গাংনী থানা ২ জনকে গ্রেফতার করেন। মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেন।

গ্রেফতারকৃতদের আজ শুক্রবার সকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

বঙ্গবন্ধু গোল্ডকাপ গাংনী উপজেলা চ্যাম্পিয়ন বাওট সরকারী প্রাথমিক বিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান গোল্ডকাপ ফুটবল টূর্ণামেন্টে হেমায়েতপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়কে ৪-১ গোলে হারিয়ে বাওট সরকারী প্রাথমিক বিদ্যালয় গাংনী উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে।

অপরদিকে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ডকাপ ফুটবল টূর্ণামেন্টে মাইলমারী সরকারী প্রাথমিক বিদ্যালয়কে ৪-০ গোলে হারিয়ে পলাশীপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে উপজেলা পর্যায়ে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।
গাংনী উপজেলা সহকারী শিক্ষা অফিসার সামসুজ্জোহার সভাপতিত্বে

অনুষ্ঠিত ফাইনাল খেলায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজআমান খোকন।

বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেশ রঞ্জন রায়, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার, আওয়ামী লীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম ও সাবেক ছাত্রনেতা সাইফুজ্জামান শিপু প্রমুখ।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গোল্ডকাপ টূর্ণামেন্ট-২০২২ এর এবারের আসরের ম্যান অফ দ্যা নির্বাচিত হয়েছেন বাওট সরকারী প্রাথমিক বিদ্যালয়ের খেলোয়াড় তানজিম হোসেন ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ডকাপের ম্যান অফ দ্যা টূর্ণামেন্ট নির্বাচিত হয়েছে পলাশীপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের খেলোয়াড় ইসমোতার খাতুন।

ফাইনাল খেলায় বিজয়ী এবং রানার্স আপ দলের হাতে ট্রপি তুলে দেন প্রধান অতিথি মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। খেলায় উপস্থাপনায় ছিলেন গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা।

চুয়াডাঙ্গায় লিড বাংলাদেশ প্রকল্পের আওতায় বাড়ছে নতুন উদ্যোক্তা

চুয়াডাঙ্গায় লিড বাংলাদেশ প্রকল্পের সহযোগিতায় বাড়ছে নতুন উদ্যোক্তা। প্রকল্পের আওতায় যুব উদ্যোক্তাদের মাঝে প্রদান করা হচ্ছে বিভিন্ন পরিসরে অনুদান ।

বৃহস্পতিবার বেলা সাড়ে চার টার সময় চুয়াডাঙ্গা সদরের ভান্ডারদহ গ্রামে প্রকল্পের আওতাধীন যুব উদ্যোক্তার গরু মোটাতাজাকরণ

প্রকল্পের পরিচালক মোঃ ইনামুল হোসেন ও মাসুদ হোসে কে এই অনুদান প্রদান করা হয়।

অনুদান প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মাসুদ আহমেদ। এ সময় তিনি বলেন, দেশের আর্থসামাজিক উন্নয়নে সবথেকে বেশি কাজ করে থাকে যুব সমাজ। বাংলাদেশের মানুষের এক-তৃতীয়াংশ বর্তমান যুবসমাজ। এই বিশাল যুব সমাজকে যদি আমরা কাজে লাগতে পারি তাহলে দেশ আরো উন্নতির চরম শিখরে পৌঁছে যাবে।

তিনি আরও বলেন,চুয়াডাঙ্গায় আমরা যুবদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দিয়ে থাকি এবং সেইসাথে উদ্যোক্তা তৈরিতে কাজ করে যাচ্ছি। উল্লেখ্য ওয়েভ ফাউন্ডেশন এর আওতাধীন লিড বাংলাদেশ প্রকল্প কাজ করছেন যুবকদের নিয়ে।

অনুদান প্রদান অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশনের উপ পরিচালক জহির রায়হান, প্রকল্প সমন্বয়কারী শরিফুল আলম লিটন, প্রকল্প অফিসার মাসুদুর রহমান যুব উদ্যোক্তাগণ।

মেহেরপুরে বৃক্ষ রোপন কর্মসূচীর উদ্বোধন

মেহেরপুর বন বিভাগের উদ্যোগে সামাজিক বনায়ন কর্মসূচির আওতায় মেহেরপুরে বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর সদর উপজেলার কামদেবপুর মরগাল খালের পাড়ে বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপন করে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন উপ বন সংরক্ষক, কুষ্টিয়া বিভাগীয় বন কর্মকর্তা জিএম মোহাম্মদ কবীর।

মেহেরপুর বনবিভাগের আওতায় বুড়িপুতা ইউনিয়নের মরাগাং খালের দক্ষিণ পাড়ে ২০২১-২০২২ সালে সৃজিত ৮ কিমি বাগানের উদ্বোধন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা

আসাদুজ্জামান রিপন, মরাগাং খালপাড় বনায়ন সমিতির সভাপতি ও মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, বিএটিবির মেহেরপুর ডিপোর ব্যবস্থাপক এসএম কামাল, মেহেরপুর বন কর্মকর্তা জাফরুল্লাহ, স্থানীয় বুড়িপুতা ইউপি সদস্য মিলন হোসেন প্রধান শিক্ষক ইসরাইল হোসেন প্রমূখ।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, ভারপ্রাপ্ত কর্মকর্তা গাংনী এসটি হামিম হায়দার, মুজিবনগর এসএফএনটিসি মাসুদুর রহমান মিশু।

এ নবায়ন কর্মসূচীর আওতায় বিভিন্ন ফলজ, বনজ ও ওষধী গাছ লাগানো হয়। এদের মধ্যে আম, জাম, কাঁঠাল, কতবেল, জাম্বুরা, তেঁতুল, আকা, মনি, মেহগনি, পিকরাশি, পলাশ, নিম, মহানিম, আমলকি, হরিতকি, বহেরা, অর্জুন, জলপাই, জারুল, সোনালুসহ নানা ধরণের বৃক্ষের বনায়ন করা হবে। বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন শেষে মোনাজাত করা হয়।

চুয়াডাঙ্গায় বাংলাদেশ আওয়ামী লীগের ৭৩ তম প্রতিষ্ঠা বার্ষিক পালন

চুয়াডাঙ্গায় বাংলাদেশ আওয়ামী লীগের ৭৩ তম প্রতিষ্ঠা বার্ষিক বিভিন্ন আয়োজনের মধ্যদিয়ে পালিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ছয়টার সয়ম ঐতিহ্যবাহী সংগঠন বাংলাদেশ আওয়ামী লীগের ৭৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের কার্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্প মাল্য অর্পণ করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ।

এ সময় জাতীয় পতাকা উত্তোলন করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নাসির উদ্দিন আহমেদ এবং দলীয় পতাকা উত্তোলন করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন।